



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM**

**(CPDRS)**

**WEST BENGAL STATE COMMITTEE**

**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**

**Mob: 9883717575, 8420094883**

**Email: [cpdrs.india@gmail.com](mailto:cpdrs.india@gmail.com)**

---

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ন্যাক্তারজনক ঘটনার প্রতিবাদ জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (০২.০৩.২০২৫) এক বিবৃতিতে বলেন-

“বছরের পর বছর কলেজ বিশ্ববিদ্যালয়ে নির্বাচন না করা, কোন গণতান্ত্রিক সরকারের দৃষ্টিভঙ্গি হতে পারে না। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ছাত্র সংসদ নির্বাচন চেয়েছিল। সেই দাবি জানাতেই রাজ্যের শিক্ষামন্ত্রীর কাছে গিয়েছিল। অথচ ছাত্র-ছাত্রীদের সঙ্গে কথা বলার জন্য শিক্ষামন্ত্রীর যে সহিষ্ণুতা প্রত্যাশিত ছিল, তা তিনি দেখাননি। তাঁর কনভয় ছাত্রছাত্রীদের পিষে দিয়ে চলে গেছে। আহত ছাত্র-ছাত্রীদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক। সভ্য সমাজে এই বর্বরোচিত ঘটনার নিন্দা জানানোর কোন ভাষা নেই।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস মনে করি, দেশ ও রাজ্য জুড়ে শাসক দলের নেতা মন্ত্রীদের এই অসহিষ্ণুতা ও বর্বরোচিত আচরণ অত্যন্ত উদ্বেগজনক। এই ন্যাক্তারজনক ঘটনায় শিক্ষামন্ত্রী সহ দোষীদের শাস্তির দাবিতে, আমরা সর্বস্তরের গণতন্ত্রপ্রিয় জনসাধারণকে সোচ্চার হওয়ার আহ্বান জানাই এবং আহত ছাত্রদের দ্রুত আরোগ্য কামনা করি।”

**সংবাদদাতা রাজীব সিকদার (অফিস সম্পাদক)**